

## কি ভাবে একশপ ডেলিভারি পোর্টাল-এ এস এম ই হিসেবে রেজিস্টার করবেন?

- একশপ ডেলিভারি পোর্টাল-এ এস এম ই হিসেবে রেজিস্টার করার জন্য এই [লিঙ্ক](#)-এ ক্লিক করুন।
- রেজিস্ট্রেশন ফর্মে আপনার প্রয়োজনীয় তথ্যগুলো পূরণ করুন। যেমনঃ
  - এসএমই নামঃ এখানে আপনার ব্যবসা প্রতিষ্ঠানের নাম লিখুন। এটি একটি বাধ্যতামূলক ইনপুট।
  - ব্যক্তির নামঃ প্রতিষ্ঠানের প্রধান ব্যক্তির নাম লিখুন। এটি একটি বাধ্যতামূলক ইনপুট।
  - ব্যক্তির পদঃ প্রতিষ্ঠানের প্রধান ব্যক্তির পদবী লিখুন।
  - যোগাযোগ নম্বরঃ প্রতিষ্ঠানের প্রধান ব্যক্তির যোগাযোগের ফোন নম্বর লিখুন। যে কোন প্রয়োজনে একশপ ডেলিভারি এই নাম্বারে যোগাযোগ করবে। এটি একটি বাধ্যতামূলক ইনপুট।
  - প্রতিষ্ঠানের ফোন নম্বরঃ প্রতিষ্ঠানের প্রাথমিক ফোন নাম্বার লিখুন।
  - ইমেইলঃ প্রাথমিক যোগাযোগের ইমেইল এড্রেস লিখুন। এটি একটি বাধ্যতামূলক ইনপুট।
  - ঠিকানাঃ প্রতিষ্ঠানের ঠিকানা লিখুন।
  - জেলাঃ প্রতিষ্ঠানের ঠিকানার জেলার নাম সিলেক্ট করুন। এটি একটি বাধ্যতামূলক ইনপুট।
  - থানা/উপজেলাঃ প্রতিষ্ঠানের ঠিকানার থানা অথবা উপজেলার নাম সিলেক্ট করুন। এটি একটি বাধ্যতামূলক ইনপুট।
  - পণ্যের ধরনঃ আপনি যে ধরনের পণ্য পরিবহন করতে চান তার বিবরণ লিখুন।
  - ওয়েবসাইটঃ আপনার প্রতিষ্ঠানের ওয়েবসাইট এড্রেস লিখুন (যদি থাকে)।
  - ফেসবুক পেজঃ আপনার প্রতিষ্ঠানের ফেইসবুক পেইজের এড্রেস লিখুন (যদি থাকে)।
  - পেমেন্ট পদ্ধতিঃ কোন পদ্ধতিতে আপনি পেমেন্ট গ্রহণ করতে চান - তা সিলেক্ট করুন। এটি একটি বাধ্যতামূলক ইনপুট।
  - একাউন্টের নামঃ পেমেন্ট গ্রহণের জন্য আপনার অ্যাকাউন্টের নাম লিখুন। এটি একটি বাধ্যতামূলক ইনপুট।
  - একাউন্ট নম্বরঃ পেমেন্ট গ্রহণের জন্য আপনার অ্যাকাউন্টের নাম্বার লিখুন। এটি একটি বাধ্যতামূলক ইনপুট।
  - ব্যাংকের নামঃ পেমেন্ট গ্রহণের জন্য আপনার অ্যাকাউন্টের ব্যাঙ্কের নাম লিখুন (শুধু মাত্র ব্যাঙ্ক ট্রান্সফার অপশনের জন্য প্রযোজ্য)। এটি একটি বাধ্যতামূলক ইনপুট।
  - শাখাঃ ব্যাঙ্কের যে শাখায় আপনার অ্যাকাউন্ট টি খুলেছেন তার নাম লিখুন। এটি একটি বাধ্যতামূলক ইনপুট।
  - রাউটিং নম্বরঃ আপনার ব্যাঙ্কের শাখার রাউটিং নম্বরটি লিখুন। এটি একটি বাধ্যতামূলক ইনপুট।
- \* মনে রাখবেন, মোবাইল পেমেন্ট-এর জন্য শুধুমাত্র ব্যক্তিগত বিকাশ/রকেট একাউন্ট প্রযোজ্য। এজেন্ট অথবা অন্য কোন ব্যবসায়িক একাউন্টে পেমেন্ট করা যাবে না।
- সব ইনপুট দেয়ার পর "ফর্ম সাবমিট করুন" বাটনটি ক্লিক করুন।
- ফর্মের ইনপুটগুলো সঠিকভাবে দিলে একটি কনফার্মেশন পেইজ আসবে এবং আপনার ইমাইলে আপনার ইউজার আইডি এবং পাসওয়ার্ড চলে আসবে।

ধন্যবাদ।

- একশপ ডেলিভারি টিম।